গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

এপিএ শাখা

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী:

---

| | |
|---|---|
| সভাপতি | ড. মহিউদ্দীন আহমেদ<br>সচিব |
| সভার তারিখ | ০৯ অক্টোবর ২০২৩ খ্রি. |
| সভার সময় | বেলা ১০:৩০ ঘটিকা |
| স্থান | সভাকক্ষ ও ভার্চুয়াল প্লাটফর্ম |
| উপস্থিতি | সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাদের তালিকা-পরিশিষ্ট-ক |

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটি'র ২য় সভায় অংশগ্রহণকৃত এ মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভার কার্যপত্র অনুযায়ী তথ্যাদি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২। শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২৩ জুলাই ২০২৩ তারিখে অনুষ্ঠিত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করলে নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ সর্বসম্মতভাবে কার্যবিবরণীটি অনুমোদন করেন।

০৩। শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২৩ জুলাই ২০২৩ তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরে নৈতিকতা কমিটির ১ম সভার সিদ্বান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ উপস্থাপন করেন:

| ক্র.নং | বৈঠকের আলোচ্যসূচি | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়ন অগ্রগতির হার |
|---|---|---|---|
| (ক) | 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪' এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (শুদ্ধাচার সেবাবক্সে) আপলোড নিশ্চিত করতে হবে; | 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪' এর নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (শুদ্ধাচার সেবাবক্সে) আপলোড নিশ্চিত করা হয়েছে; | ১০০% |
| (খ) | 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪' এর ১ম কোয়ার্টারে (জুলাই-সেপ্টেম্বর/২০২৩) গৃহীত কার্যক্রম সংশ্লিষ্ট সকল অনুবিভাগ ও অধীন সকল দপ্তর/সংস্থা কর্তৃক যথাসময়ে বাস্তবায়ন করতে হবে; | সিদ্ধান্ত মোতাবেক ১ম কোয়ার্টারে (জুলাই-সেপ্টেম্বর/২০২৩) গৃহীত কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়ন করা হয়েছে; | ১০০% |
| (গ) | মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্হা নিজ নিজ দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ সংক্রান্ত ১ম কোয়ার্টরের প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণ করবে; | দপ্তর/সংস্থাসমূহ ১ম কোয়ার্টারের প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণ করেছে; | ১০০% |

| | | | |
|---|---|---|---|
| (ঘ) | ক্রীড়া পরিদপ্তরের অধীন শারীরিক শিক্ষা কলেজ, মোহাম্মদপুর, ঢাকা এর বিপিএড ও এমপিএড কোর্সের কার্যক্রম পরিদর্শন ও প্রশিক্ষণার্থীদের সাথে জাতীয় শুদ্ধাচার কৌশল ও মন্ত্রণালয়ের শুদ্ধাচার কার্যক্রম নিয়ে মতবিনিময় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিদ্ধান্ত মোতাবেক উক্ত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। | ১০০% |

০৪। সভাপতি ২৩ জুলাই ২০২৩ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অর্ন্তভুক্ত নৈতিকতা কমিটি'র সভার সিদ্বান্তসমূহ শতভাগ (১০০%) বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর/২০২৩) অগ্রগতির তথ্যাদি সভায় উপস্থাপন করেন:

| কার্যক্রম | ১ম কোয়ার্টার লক্ষমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| [১.১] নৈতিকতা কমিটির সভা আয়োজন | ১ টি | ১ টি |
| [১.২] নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ১০০% (২৩/০৭/২০২৩ তারিখের সভায় ৪টি সিদ্ধান্ত ছিল) | ১০০% (২৩/০৭/২০২৩ তারিখের সভায় ৪টি সিদ্ধান্ত বাস্তবায়ন হয়েছে) |
| [১.৩] সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ১ টি | ১ টি |
| [১.৪] শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভা আয়োজন | ৪৫ জন | ৪৭ জন |
| [২.১] ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে ৩০/০৭/২০২৩ তারিখের মধ্যে প্রকাশ করতে হবে। | ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে ১৩/০৭/২০২৩ তারিখের মধ্যে প্রকাশ করা হয়েছে। |
| [২.২] অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | ১০% | ০৬% |
| [২.৩] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | ২% | ৫.৮৫% |
| [২.৪] প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | ১৬টি | ১৬টি |
| [২.৫] প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | ৩১/০৮/২০২৩ | নিধারিত সময়ে উক্ত কার্যক্রম বাস্তবায়ন হয়েছে। |

০৫। শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা এ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ এ (জুলাই/২০২৩-জুন/২০২৪) গৃহীত কার্যক্রম সভায় উপস্থাপন করেন এবং এ মন্ত্রণালয়ের সচিব ও নৈতিকতা কমিটির সভাপতি উক্ত কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন।

০৬। শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের উপর মন্ত্রণালয় কর্তৃক ৩০-১০-২০২৩ তারিখের মধ্যে ফিডব্যাক প্রদান করতে হবে মর্মে সভাকে অবহিত করেন। এছাড়া, ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক প্রতিবেদন প্রমাণকসহ আগামী ১৫ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগের ওয়েবসাইটে (শুদ্ধাচার সেবাবক্সে) আপলোড করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে মর্মে শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় অবহিত করেন।

০৭। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪' এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (শুদ্ধাচার সেবাবক্সে) আপলোড নিশ্চিত করতে হবে;

খ) 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪' এর ২য় কোয়ার্টারে (অক্টোবর-ডিসেম্বর/২০২৩) গৃহীত কার্যক্রম সংশ্লিষ্ট সকল অনুবিভাগ ও অধীন সকল দপ্তর/সংস্থা কর্তৃক যথাসময়ে বাস্তবায়ন করতে হবে;
গ) মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্হা নিজ নিজ দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ সংক্রান্ত ২য় কোয়ার্টরের প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণ করবে;
ঘ) বিকেএসপি'র প্রমিলা প্রশিক্ষণার্থীদের ক্রীড়ার উন্নয়ন (১ম সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্পের কাজের গুণগত মান ও সরকারি অর্থের সর্বত্তোম ব্যবহার নিশ্চিত করা হয়েছে কিনা তা যাচাই করার লক্ষ্যে উক্ত অফিস সরেজমিনে পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়; এবং
ঙ) যুব উন্নয়ন অধিদপ্তরের মাদারীপুর জেলা অফিসের দাপ্তরিক কার্যক্রমে স্বচ্ছতা ও মালামাল ক্রয়ে গুনগত মান যাচাই করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৮। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মহিউদ্দীন আহমেদ
সচিব

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৫২.০৫.০০২.২৩.৭৬

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩০
১২ অক্টোবর ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
২) অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
৩) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা
৪) যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
৫) যুগ্মসচিব (সংযুক্ত), প্রশাসনিক সংস্কার অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা
৬) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা
৭) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, ঢাকা
৮) মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সভার, ঢাক
৯) সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা
১০) উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
১১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
১২) সিনিয়র সহকারী সচিব(সকল)/সহকারী সচিব(সকল)/সহকারী প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
১৩) সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
১৪) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)

মোহাম্মদ রেজাউল করিম
উপসচিব